



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস

আগ্রাবাদ, চট্টগ্রাম।



তথ্যবিবরণী

নম্বর:১৯০/চ

চট্টগ্রাম জেলা প্রশাসনের উদ্যোগে শহিদ বুদ্ধিজীবী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম, ২৮ অগ্রহায়ণ (১৪ ডিসেম্বর):

আজ শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে চট্টগ্রাম জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ফরিদা খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার ড. মোঃ জিয়াউদ্দীন। বিশেষ অতিথি ছিলেন মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপারেশন্স) মোঃ রইছ উদ্দিন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) এ.এন.এম. ওয়াসিম ফিরোজ ও অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম ম্যানেজমেন্ট) রওশন আরা। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কার্যালয়ের উপপরিচালক (স্থানীয় সরকার) নোমান হোসেন; অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ কামরুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (ভূমি অধিগ্রহণ) এ. কে. এম. গোলাম মোর্শেদ খান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সৈয়দ মাহবুবুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ শরীফ উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা ফজল বারিক, বীর মুক্তিযোদ্ধা মোঃ কামাল উদ্দিনসহ বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাবৃন্দ।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার ড. মোঃ জিয়াউদ্দীন বলেন, ১৪ ডিসেম্বর, জাতীয় শহিদ বুদ্ধিজীবী দিবস, আমাদের জাতির ইতিহাসে একটি গভীর তাৎপর্যপূর্ণ দিন। এই দিনটি আমাদের মনে করিয়ে দেয় সেই ভয়াবহ সময়ের কথা, যখন পাকিস্তানি হানাদার বাহিনী ও তাদের দোসররা আমাদের দেশের শ্রেষ্ঠ সন্তানদের শিক্ষক, সাংবাদিক, ডাক্তার, প্রকৌশলী, সাহিত্যিকদের নির্মমভাবে হত্যা করে। তারা জানত, এই বুদ্ধিজীবীরা আমাদের দেশের মেধা ও প্রজ্ঞার প্রেরণা। তাদের হত্যা করে তারা আমাদের জাতির মেরুদণ্ড ভাঙতে চেয়েছিল। কিন্তু স্বাধীন বাংলাদেশের মানুষের দেশপ্রেম এ জাতিকে উত্তরোত্তর সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক ফরিদা খানম বলেন, আজকের এই দিনে আমাদের দায়িত্ব হলো শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে আমাদের সমাজকে আরও উন্নত ও সমৃদ্ধ করা। তাদের আত্মত্যাগের মর্যাদা রক্ষা করতে আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। আমাদের সমাজে ন্যায়, সমতা ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা করতে হবে। আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মান উন্নয়ন করতে হবে এবং বুদ্ধিজীবী চেতনাকে সজাগ রাখতে হবে।

আলোচনা সভায় বক্তাগণ সকল শহিদ বুদ্ধিজীবীদের শ্রদ্ধার সাথে স্মরণ করে আত্মার মাগফেরাত কামনা করেন ও তাদের পরিবারের প্রতি আমাদের সমবেদনা জানান।

সুব্রত/রাজ্জাক, ২১.৫৮টা ঘণ্টা, ২০২৪।